দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

051

তারিখ 20 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 7

২৮

## এসএসসি পরীক্ষায় দীনিয়াত শিক্ষা বাধ্যতামূলক করার সিদ্ধান্ত প্রত্যাহার দাবী

সরকার ১৯৯১ সাল থেকে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বাধ্যতামূলক বিষয় হিসেবে দীনিয়াতকে অন্তর্ভুক্ত করার যে সিদ্ধান্ত নিয়েছে তার প্রতিবাদ ও এই সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহারের দাবী জানিয়ে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ গতকাল সোমবার এক বিবৃতি

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

### দীনিয়াত শিক্ষা

(১ম পাতার পর)

দিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, ইতিপূর্বে সরকার যখন ১৯৮৯ সাল থেকে নবম-দশম শ্রেণীতে দীনিয়াত শিক্ষা বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়েছিল তার বিরুদ্ধেও শিক্ষাবিদ ও ছাত্রসমাজ প্রতিবাদ জানিয়েছিল, অথচ সরকার সমস্ত মতামত উপেক্ষা করে মাধ্যমিক পরীক্ষায় দীনিয়াতকে বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়েছে। এই একতরফা সিদ্ধান্ত অগণতান্ত্রিক এবং গোটা শিক্ষা ব্যবস্থাকে সাম্প্রদায়িক মোড়কে সাজানোর উদ্দেশ্যে নেয়া হয়েছে বলে বিবৃতিতে অভিযোগ করা হয়। নেতৃবৃন্দ আরো বলেন, শিক্ষার মত গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মতামত বা নীতি নির্ধারণের পূর্বে প্রশাসনিক সিদ্ধান্তের মাধ্যমে সরকার মৌলবাদী সাম্প্রদায়িক শক্তিকে মদদ যোগানোর উদ্দেশ্যে এই সিদ্ধান্ত নিয়েছে যা, শিক্ষা কাঠামোকে ধ্বংস করার ষড়যন্ত্র।